

এখন কি হচ্ছে?

- স্কুলে কোন্ বিষয়গুলো ভালোভাবে কাজ করছে তা জানার জন্য মার্চ ২০০৫ সালের মধ্যে স্কুলের স্টাফ, ছাত্রছাত্রী ও বাবামা'র পক্ষ থেকে প্রতিনিধি বাছাই করে তাদের সাথে আলোচনা করা হবে।
- স্কুলে সকল সুবিধাদি ব্যবহারের উন্নতি করতে আমাদের সাহায্যার্থে মে ২০০৫ এর মধ্যে সবগুলো স্কুলে নিরীক্ষা বা অডিট করা হবে।
- অতিরিক্ত সহায়তার দরকার আছে এমন শিশুদের নিয়ে ভ্রমণকারী সকল ভ্রমণসার্থী বা এ্যাসকর্ট'কে জুন ২০০৫ এর মধ্যে পি.এ.টি.এস (প্যাসেঞ্জার এ্যাসিস্টেড ট্রেনিং স্কিম) এর মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হবে। শারীরিক প্রতিবন্ধকতা আছে এমন ছাত্র/ছাত্রীদেরকে উপরে তোলা এবং তাদেরকে নিয়ে কাজ করার উপরও স্টাফের প্রশিক্ষণের ব্যবস্থা আছে।
- বাবামা'দের সাথে লিখিত যোগাযোগের উন্নতি হচ্ছে - যদি অনুরোধ করা হয়, তাহলে বিভিন্ন ফরমেটে উপকরণাদি পাওয়া যাবে এবং একটি ওয়েবসাইট তৈরী করা হবে।
- এখন অটিজম, ডাইলেক্সিয়া, ইনক্লুসিভ প্র্যাকটিস, আইটি সাপোর্ট ... প্রভৃতির উপর প্রশিক্ষণের ব্যবস্থা আছে।



আপনি যদি Aberdeenshire's Accessibility Strategy সম্পর্কে আরো জানতে চান তাহলে দয়া করে যোগাযোগ করুন:

Pat Dinwoodie,
Accessibility Strategies Development
Officer,
The Annexe,
Woodhill House,
Westburn Road,
Aberdeen, AB16 5GJ

Tel: 01224 664882

E-mail:

pat.dinwoodie@aberdeenshire.gov.uk

অনুরোধ করা হলে এই লিফলেটটি বিকল্প আকারে বা ফর্মে পাওয়া যাবে।

সকলের জন্য শিক্ষা'য় সকলের ব্যবহার
উপযোগীতার উন্নতিকরণ

Improving Access to
Education
for All

Everyone welcome



এটি কি সম্পর্কিত?

এপ্রিল ২০০৩ এ স্কটল্যান্ড এর সবগুলো লোকাল অথরিটি তাদের ‘এ্যাক্সেজিবিটি স্ট্র্যাটেজি’ (প্রবেশের নীতিমালা) তৈরী করেছে। এটি তৈরী করা হয়েছিল এডুকেশন (ডিজ্যাবিলিটি স্ট্র্যাটেজিজ এন্ড পিউপিল’স এডুকেশনাল রেকর্ডস) (স্কটল্যান্ড) এ্যাক্ট বা শিক্ষা বিধি ২০০২ অনুসরণ করে।

আবেদিনশ্যায়ার কাউন্সিল এর নীতিকৌশলের অংশ হিসেবে, কেবলমাত্র শারীরিক প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের জন্যই নয়, বরং সকল ছাত্রছাত্রীর শিক্ষাক্ষেত্রে সুবিধাদি ব্যবহারের উন্নতি করতে এই পরিকল্পনা প্রণয়ন করেছে। যেমন, দেখতে অসুবিধা আছে এমন ছাত্র/ছাত্রীর জন্য বাড়তি আলোর ব্যবস্থা করা হলে অন্যান্য ছাত্র/ছাত্রীদের চোখের ক্ষমতার উপরও তার ফলে কম চাপ পড়বে; অটিজম আছে এমন শিশুদের জন্য রুটিন বদলের আগে সে বিষয়ে সতর্কীকরণ করা বেশ গুরুত্বপূর্ণ, তবে এর ফলে ক্লাশের অন্য ছাত্র/ছাত্রীরাও উপকৃত হতে পারে।

এ্যাক্সেজিবিটি বলতে কি বোঝায়?

এ্যাক্সেজিবিটি বলতে বোঝায় স্কুল জীবনের সকল দিকে যে সব সুবিধাদি রয়েছে যেমন, বিভিন্ন ক্লাব, ভ্রমণ, বন্ধু তৈরী করা ... সকলে যাতে তার সবগুলোতে অংশ নিতে পারে। তবে স্কুল যদি তাদের বিশেষ চাহিদা পূরণ না করে তাহলে কোন কোন শিশুর সুবিধাদি গ্রহণ করতে অসুবিধা হতে পারে।

তার মানে হলো স্কুলকে সমস্যাগুলো চিহ্নিত করতে হবে এবং সেগুলো সমাধানের উপায় বের করতে হবে।



এ্যাক্সেজিবিটি স্ট্র্যাটেজি বলতে কি বোঝায়?

- **ভৌত পরিবেশ বা ফিজিক্যাল এনভায়রনমেন্ট এ সকলের সহজ ব্যবহার:** সুযোগ সুবিধাগুলো সকলের ব্যবহার উপযোগী করা, যেমন র্যাম্পস, টয়লেট, আলো, সাউন্ড প্রুফিং বা শব্দ নিয়ন্ত্রণ ...
- **স্কুল পাঠক্রমে সকলের অংশগ্রহণ:** ছাত্র/ছাত্রী ও বাবামা’রা যাতে স্কুলে এসে সমাদৃত হয়েছেন এমন অনুভব করেন; যে সব পাঠ দেয়া হবে সেগুলো যেন সকল শিশুর কাছে গ্রহণযোগ্য হয়; স্কুলের সবগুলো ক্লাবে ও ভ্রমণে সবগুলো ছাত্র/ছাত্রীর যাতে অংশ নেয়ার সুবিধা থাকে।
- **স্কুলের সাথে যোগাযোগের সুবিধাদি:** বাবামাগণ স্কুল বা আবেদিনশ্যায়ার কাউন্সিল এর নিকট সে ফরমেটে তথ্য পেতে চাইবেন যা তাদের বোঝার উপযোগী হবে (যেমন বড় ছাপার হরফে, অডিও টেপে ...); শিক্ষা ... সম্পর্কে ছাত্র/ছাত্রী ও বাবামা’র যদি কোন মতামত থাকে তাহলে তা বলার সুবিধা থাকা।



